39

দৈনিক ইত্তেফাক

তারিখ 07 SEP 1993
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৮ ...

# ভর্তি ফরমের উচ্চমূল্য ॥ বিএম কলেজে সংঘর্ষ ॥ বোমাবাজি

-বরিশাল অফিস ॥ সরকারী বিএম কলেজে একাদশ শ্রেণীতে ভর্তির আবেদনপত্রের উচ্চমূল্য নির্ধারণ লইয়া ছাত্রলীগ (ম-ই) ও ছাত্রদলের কর্মীদের মধ্যে গতকাল (সোমবার) ৪ দফা সংঘর্ষ ও বোমাবাজিতে কমপক্ষে ১০ জন ছাত্র-ছাত্রী আহত হইয়াছে। আহতদের বেশীরভাগ ভর্তিচ্ছু শিক্ষার্থী। সংঘর্ষের জন্য ঐ দুইটি সংগঠন পরস্পরকে দায়ী করে। কলেজ কর্তৃপক্ষ এই বছর ভর্তি ফরমের মূল্য ৫০ টাকা ধার্য করিয়াছেন। গত বছর ছিল ৩০ টাকা। গতকাল ফরম বিক্রী শুরু হইলে ছাত্রলীগ

(শেষ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## ভর্তি ফরমের উচ্চমূল্য

(প্রথম পৃঃ পর)

ইহাতে বাঁধা দেয়। তাহাদের দাবী ছিল গত বছরের রেটে ইহা বিক্রী করিতে হইবে। ছাত্রলীগ এক বিবৃতিতে জানায়, ছাত্রদল ফরম বিক্রীর জন্য পাল্টা চাপ দেয় এবং পুনরায় বিক্রী শুরু হয়। ইহাতে কথা কাটাকাটির এক পর্যায়ে সংঘর্ষ বাধিয়া যায়। ছাত্রদল অপর এক বিবৃতিতে জানায়: উচ্চমূল্যে ফরম বিক্রীর তাহারা বিরোধিতা করায় ছাত্রলীগ তাহাদের উপর হামলা করে। ছাত্র সংসদ ঐ উচ্চ মূল্য নির্ধারণ করিয়াছে। সাধারণ ছাত্র-ছাত্রীরা সংসদের জি, এস কে এই কারণে প্রহার করে। জি, এস ভর্তিফরম ছিনতাই করিয়া ছিড়িয়া ফেলিয়াছে। ছাত্র সংসদের ভি, পি ও জি, এস জানান, সংসদের সহিত আলাপ না করিয়া কলেজ কর্তৃপক্ষ ফরমের মূল্য বৃদ্ধি করেন। সংসদ ও ছাত্রলীগ ইহার প্রতিবাদ করায় ছাত্রদল হামলা চালায়। সংঘর্ষের খবর পাইয়া পুলিশ ক্যাম্পাসে যায় এবং পরিস্থিতি শান্ত হয়। অধ্যক্ষ শহরের বাহিরে থাকায় তাহার বক্তব্য পাওয়া যায় নাই।